

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০২৮
কমলপুর, ১৯ সেপ্টেম্বর, ২০২৩

দুর্গাপূজা : কমলপুরে সভা

আসন্ন দুর্গাপূজা ও কালীপূজার দিনগুলিতে কমলপুর মহকুমায় শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল পরিবেশ বজায় রাখার উদ্দেশ্যে সম্প্রতি কমলপুর মহকুমা শাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক সভা অনুষ্ঠিত হয়। মহকুমাশাসক এল দার্লং এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় দুর্গাচৌমুহনী ও সালেমা ব্লকের বিডিওগণ, সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ এবং বিভিন্ন ক্লাবের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় মহকুমাশাসক এল দার্লং রাজ্য সরকারের প্রদত্ত নির্দেশিকার বিষয়ে সকলকে অবহিত করেন। এছাড়া মহকুমা পুলিশ আধিকারিক স্নেহাশিষ দেব উৎসবের দিনগুলিতে আইন শৃঙ্খলা রক্ষায় সকলকে সহযোগিতা করার আহ্বান জানান। সভায় পূর্ত, বিদ্যুৎ, অগ্নি নির্বাপক, পানীয়জল ও স্বাস্থ্য বিধান, স্বাস্থ্য দপ্তরের আধিকারিকগণ দুর্গাপূজার সময় বিভিন্ন পরিষেবা এবং দুর্যোগ মোকাবিলা সংক্রান্ত ব্যবস্থাপনা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভায় বিভিন্ন ক্লাব এবং সমাজিক সংস্থার প্রতিনিধিগণ মতবিনিময় করেন।

সভায় মহকুমাশাসক বলেন, পূজা উদ্যোক্তাদের সঠিক সময়ে পুলিশ প্রশাসন এবং সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করে পূজোর অনুমতিপত্র নিতে হবে। চাঁদা আদায়ের ক্ষেত্রে কোন প্রকার চাপ দেওয়া যাবে না। এক্ষেত্রে কোন প্রকার অভিযোগ যেন প্রশাসনের কাছে না আসে সে বিষয়ে সকলের কাছে তিনি আহ্বান জানান। প্লাস্টিক মুক্ত এবং স্বচ্ছতা বিষয়ে গুরুত্ব আরোপ করে পূজা প্যাভেল নির্মাণের জন্য তিনি আহ্বান জানান। মহকুমাশাসক উদ্যোক্তাদের নিজস্ব স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করে দর্শনার্থীদের সাহায্য করতে এবং শান্তিশৃঙ্খলা বজায় রাখতে আহ্বান জানান।
